



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১
মুক্তাগাছা, ময়মনসিংহ।



ISO 9001:2015 Certified

Phone: 09028-75205, E-mail: gmpbs1@gmail.com, Web: www.pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২১. ৩০

তারিখঃ ১৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
০৩/০১/২০২১ খ্রিঃ

-----ইন্সুরেন্স কোং লিঃ

বিষয়ঃ- কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমা প্রস্তাব আহবান।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ৩৮৩ জন কর্মকর্তা/কর্মচারীর গোষ্ঠীবীমার চুক্তির মেয়াদ আগামী ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখ শেষ হবে মর্মে নতুন করে ০৩(তিন) বছরের জন্য চুক্তি করা হবে। তৎপ্রেক্ষিতে আপনি/আপনার প্রতিষ্ঠান অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমা করতে আগ্রহী হলে প্রতি হাজারে বার্ষিক প্রিমিয়ামের হার উল্লেখসহ অন্যান্য যে সকল সুযোগ সুবিধা প্রদান করতে ইচ্ছুক তা উল্লেখ করে আগামী ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে দর প্রস্তাব অত্র সমিতির সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ পৌছানোর জন্য অনুরোধ করা হলো।

ক্রঃনং	বীমার বিবরণ	বীমা ভুক্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা	একক প্রিমিয়ামের পরিমাণ (হাজারে)	একক প্রিমিয়ামের পরিমাণ
০১	বীমা অংক হবে প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীদের ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ অথবা সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এর মধ্যে যা কম। গ্রুপ সাময়িক জীবন বীমা ৫০% প্রিমিয়াম ফেরৎ যোগ্য গোষ্ঠী জীবন বীমা দুর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ বীমা ও দুর্ঘটনা জনিত কারণে অংগহানী বীমা (GT, ADB, PPD)।	৩৮৩ জন মোট বীমার অংক ১৮,৯৪,৯৫,৫২০.০০		
		মোট		
কথায়ঃ				

শর্তাবলী :

- ০১। বীমা আগামী ০৩ (তিন) বছরের জন্য চুক্তি করা হবে। তবে প্রতি বৎসর বীমার প্রিমিয়াম পরিশোধ করা হবে।
- ০২। সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা জীবন বীমা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশে প্রাপ্ত প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদন করতঃ প্রিমিয়াম বাবদ অর্থ প্রাপকের খাতে প্রদেয় চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
- ০৩। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্ত হতে হবে এবং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে।
- ০৪। বীমা চুক্তির মেয়াদ কালীন সময়ে কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুতে/দুর্ঘটনা জনিত কারণে অংগহানীতে দ্রুত বীমা দাবী পরিশোধ করতে হবে।
- ০৫। বীমা চুক্তির মেয়াদ নতুন কর্মকর্তা/কর্মচারীদের বীমাভুক্ত করার সুযোগ থাকতে হবে।

(অঃপূঃদ্রঃ)

(২য় পৃষ্ঠা)

- ০৬। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে বীমা চুক্তি সম্পাদন করতে হবে।
- ০৭। সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রযোজ্য হবে।
- ০৮। কার্যাদেশ প্রদানের সময় বীমা প্রিমিয়াম সংখ্যা ও পরিমান কম/বেশী হতে পারে।
- ০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে সমিতির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। কোন প্রকার কারন দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মোঃ মকবুল হোসেন)
জেনারেল ম্যানেজার
ফোনঃ ০৯০২৮-৭৫২০৫

অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, ময়মনসিংহ।
- ০৮। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল জোনাল অফিস), মপবিস-১
- ০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম ধনবাড়ী সাঃজোঃ অঃ), মপবিস-১।
- ১০। মেসার্স.....।
- ১১। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২) : ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট Web: www.pbs1.mymensingh.gov.bd
- ১৩। অফিস/মাষ্টার কপি।

(মোঃ মকবুল হোসেন)
জেনারেল ম্যানেজার